



লেঙ্গ এশিয়ায় সংবাদ প্রকাশের পর দুইজন পুলিশ সদস্য ক্লোজড



ছবি: লেন্স এশিয়া

নারায়ণগঞ্জের রূপগঞ্জ আসামি গ্রেপ্তারের পর পুলিশের গাড়িতে ধারণকৃত ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়ার ঘটনায় দুই কনস্টেবলকে প্রত্যাহার (ক্লোজড) করা হয়েছে। গত ২ মে ভিডিওটি ভাইরাল হওয়ার পর পুলিশের ভূমিকা নিয়ে দেশজুড়ে বিতর্ক শুরু হলে এই ব্যবস্থা নেয় কর্তৃপক্ষ।

গত ২ মে রানু আক্তার নামের এক আসামিকে গ্রেপ্তার করে আদালতে পাঠানোর সময় পুলিশের ক্লোজড গাড়িতে একটি ভিডিও ধারণ করা হয়। ভিডিওতে দেখা যায়, ওই নারী আসামি পুলিশের বিরুদ্ধে তার অর্থ লুটপাটের অভিযোগ তুলছেন।

ভাইরাল ভিডিওটি পুলিশেরই কোনো এক সদস্যের মোবাইল ফোনে ধারণ করা ছিল। ভিডিওটি লেন্স এশিয়ায় প্রকাশের পর বিভিন্ন মাধ্যমে ছড়িয়ে পড়লে তা মুহূর্তেই ভাইরাল হয়ে যায়। পুলিশের হেফাজতে থেকে আসামির এমন গুরুতর অভিযোগ এবং সেই ভিডিও ফাঁস হওয়া নিয়ে জনমনে নানা প্রশ্ন ও সমালোচনার সৃষ্টি হয়।

বিষয়টি নিয়ে লেন্স এশিয়াসহ বিভিন্ন গণমাধ্যমে সংবাদ প্রকাশের পর নড়েচড়ে বসে পুলিশ প্রশাসন। প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা ও কর্তব্যে অবহেলার প্রমাণ পাওয়ায় রূপগঞ্জ থানার ওই ২জন কনস্টেবল বিল্লাল ও মামুনকে তাৎক্ষণিকভাবে ক্লোজড করে নারায়ণগঞ্জ পুলিশ লাইনে সংযুক্ত করা হয়।